

Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 08 July, 2025

সিরিজ নির্ধারণী ম্যাচে আজ পাল্লেকেলতে মুখোমুখি বাংলাদেশ ও শ্রীলঙ্কা। বিকেল ৩টায় শুরু হবে এই অঘোষিত ফাইনাল। কলম্বোর তুলনায় পাল্লেকেলের উইকেট ব্যাটিংবান্ধব। তবে স্পিনারদের জন্যও সহায়তা থাকে এই পিচে। সে কারণেই বাংলাদেশের তিন স্পিনারকে নিয়ে আলাদা পরিকল্পনা করছে স্বাগতিক শ্রীলঙ্কা।

সিরিজ জয়েও মরিয়া দুই দল। প্রথম ম্যাচ হেরে দ্বিতীয় ম্যাচে দুর্দান্তভাবে ঘুরে দাঁড়ানো বাংলাদেশ আজ সেরা একাদশ নিয়েই মাঠে নামতে চায়।

বাংলাদেশ একাদশে একটি পরিবর্তন আসতে পারে। উপ অর্ডার ব্যাটার নাজমুল হোসেন শান্ত চোটের শঙ্কায় রয়েছেন। শেষ পর্যন্ত তিনি খেলতে না পারলে তার জায়গায় সুযোগ পেতে পারেন নাইম শেখ। বিকল্প হিসেবে ওপেনার পারভেজ হোসেন ইমন আছেন ফর্মে, তাওহীদ হৃদয় ও শামীম হোসেনও ভালো করেছেন দ্বিতীয় ম্যাচে। শামীম বোলিংয়েও কার্যকর ছিলেন।

বোলিং বিভাগে বিশ্রাম কাটিয়ে একাদশে ফিরতে পারেন ডানহাতি পেসার তাসকিন আহমেদ। আগের ম্যাচে যিনি বিশ্রামে ছিলেন। তাকে জায়গা দিতে পারেন হাসান মাহমুদ। স্পিনার রিশাদ হোসেন এখনও দলে সুযোগ পাননি। তবে প্রথম ম্যাচে অভিষিক্ত বাঁহাতি স্পিনার তানভীর ইসলাম দ্বিতীয় ম্যাচেই ৫ উইকেট নিয়ে জায়গা পাকা করে ফেলেছেন।

চোট পেয়েছিলেন শামীম হোসেন, তবে তার খেলা নিয়ে আপাতত বড় শঙ্কা নেই।

পাল্লেকেলতে সাধারণত বড় স্কোর হয়, উইকেট ব্যাটিং সহায়ক হলেও পেসাররা শুরুতে কিছুটা সুবিধা পান। তবে এই মাঠে বরাবরই বৃষ্টির সম্ভাবনা থাকে। গত পাঁচ ওয়ানডের মধ্যে একটিও হয়নি পূর্ণ ওভারে—সবক'টি ম্যাচই হয়েছে কার্টেল ওভারে, এমনকি সর্বশেষ একটি ম্যাচ পরিত্যক্তও হয়।

বাংলাদেশের জন্য এটি শুধুই একটি ম্যাচ নয়—এটি ইতিহাস গড়ার সুযোগ। শ্রীলঙ্কার মাটিতে এখনো কোনো ওয়ানডে সিরিজ জিতে পারেনি টাইগাররা। সেই স্বপ্ন পূরণের সামনে এখন মাত্র একটি জয়।

২০১৫ সালে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের প্রথম ম্যাচ হেরে পরের দুটি ম্যাচ জিতে ঘরের মাঠে সিরিজ জিতেছিল বাংলাদেশ। এবার শ্রীলঙ্কার মাটিতে সেই ইতিহাস পুনরাবৃত্তি করতে চায় মেহেদী হাসান মিরাজের দল।

বাংলাদেশের সম্ভাব্য একাদশ:

মেহেদী হাসান মিরাজ (অধিনায়ক), তানজিদ হাসান তামিম, পারভেজ হোসেন ইমন, নাজমুল হোসেন শান্ত/নাইম শেখ, তাওহীদ হৃদয়,

জাকের আলী, শামীম হোসেন, তানজিম হাসান সাকিব, তানভীর ইসলাম, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান।

কলম্বো শ্রীলঙ্কা বাংলাদেশ মেহেদী হাসান মিরাজ (অধিনায়ক) তানজিদ হাসান তামিম পারভেজ হোসেন ইমন নাজমুল হোসেন শান্ত/নাইম শেখ তাওহীদ হুদয় জাকের আলী শামীম
হোসেন তানজিম হাসান সাকিব তানভীর ইসলাম তাসকিন আহমেদ মোস্তাফিজুর রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 20:19

URL: <https://timestodaybd.com/public/sports/4427775807>